বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ পরিবহন (লাইসেন্স, পারমিট, সময়সূচী ও ভাড়া নির্ধারণ) বিধিমালা, ২০১৯ এর বিধি ২৭ এবং অভ্যন্তরীণ নৌ চলাচল অধ্যাদেশ, ১৯৭৬ এর ৫৪ ও ৫৯ ধারার ক্ষমতাবলে ১৫.১০.২২ তারিখ হতে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত বর্ণিত রুটসমূহে নতুন ভাড়াসূচী নির্দেশক্রমে জারি করা হলো।

১৫/১০/২২
মোঃ মোস্তাফিজুর রহমান
উপ-পরিচালক
ভাড়া ও হিসাব শাখা
নৌ-নিরাপত্তা ও ট্রাফিক ব্যবস্থাপনা বিভাগ
বিআইডব্লিউটিএ, ঢাকা।

বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষ

নৌ-নিরাপত্তা ও ট্রাফিক ব্যবস্থাপনা বিভাগ

১৪৩-১৪৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

নথি নং-১৮.১১.০০০০.১৪৮.১৯.০০৮.২১/ ৪৭

তারিখঃ ২৯/১০/২০২২ খ্রিঃ

লঞ্চের ভাড়াসূচিঃ

নৌ-পথের নামঃ ঘোষেরহাট-কলাপাড়া।

বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন (লাইসেন্স,পারমিট, সময়সূচি ও ভাড়া নির্ধারণ) বিধিমালা, ২০১৯ এর বিধি ২৭ মোতাবেক ঘোষেরহাট-কলাপাড়া নৌপথে চলাচলকৃত যাত্রীবাহী নৌযানে ডেক শ্রেণির যাত্রি ভাড়া (কিলোমিটার হিসেবে আদায়যোগ্য)

ঘোষেরহাট হতে	মধ্যবর্তী ঘাটের দূরত্ব	ঘাট সমূহ	ঘোষেরহাট				
২৩.০	২৩.০	চরকাজল	৬৬.০০	চরকাজল			
৩৭.০	১৪.০	কোড়ালিয়া	১০৫.০০	৪০.০০	কোড়ালিয়া		
৬৫.০	২৮.০	বালিয়াতলী	১৮৫.০০	১২০.০০	৮০.০০	বালিয়াতলী	
৭৩.৫	৪.৫	কলাপাড়া	২০১.০০	১৩৫.০০	২৫.০০	৩০.০০	কলাপাড়া

তৃতীয় শ্রেণি/ডেক শ্রেণির ভাড়ার ভিত্তিতে উচ্চ শ্রেণির ভাড়া নিম্নোক্তভাবে নির্ধারিত হবেঃ

ক্রঃ নং	লঞ্চের শ্রেণি এবং সুবিধাদির বিবরণ	ভাড়া নির্ধারণ পদ্ধতি
(০১)	**তৃতীয়/ডেক শ্রেণিঃ** লঞ্চের ডেকে ভ্রমণের ক্ষেত্রে	প্রথম ১০০ কিলোমিটার দূরত্বের জন্য প্রতি কিলোমিটারে জনপ্রতি ভাড়া ২.৮৫ (দুই টাকা পঁচাশি পয়সা), পরবর্তী প্রতি কিলোমিটার ২.৪৫(দুই টাকা পয়তাল্লিশ পয়সা) এবং জনপ্রতি সর্বনিম্ন ভাড়া ৩০.০০(ত্রিশ টাকা)
(০২)	**দ্বিতীয় শ্রেণিঃ**	
	(ক) যে সকল আধুনিক দোতলা লঞ্চে ডেক শ্রেণিতে সাধারণ চেয়ার রয়েছে (যা সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক স্বীকৃত) এর প্রতি চেয়ারের ক্ষেত্রে	তৃতীয় শ্রেণির/ ডেক শ্রেণির ভাড়ার ১.১০গুণ।
	(খ) সকল ডুবন্ত ডেক (Sunken deck) বিশিষ্ট লঞ্চের আপার ক্লাস রয়েছে (যা সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক স্বীকৃত) এর ক্ষেত্রে	তৃতীয় শ্রেণি/ ডেক শ্রেণির ভাড়ার ১.৫০গুণ।
	(গ) যে সকল আধুনিক দোতলা লঞ্চে (ডেক শ্রেণি ব্যতীত) এবং একতলা লঞ্চের উচ্চ শ্রেণিতে (আপার ক্লাস) নন এসি কেবিন রয়েছে (যা সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক স্বীকৃত) এর প্রতি চেয়ারের ক্ষেত্রে	তৃতীয় শ্রেণির/ ডেক শ্রেণির ভাড়ার ১.৫০গুণ।
	(ঘ) যে সকল আধুনিক দোতলা লঞ্চে (ডেক শ্রেণি ব্যতীত) এবং একতলা লঞ্চের উচ্চ শ্রেণিতে (আপার ক্লাস) এসি কেবিন রয়েছে (যা সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক স্বীকৃত) এর প্রতি চেয়ারের ক্ষেত্রে	তৃতীয় শ্রেণির/ ডেক শ্রেণির ভাড়ার ২.০০গুণ।
	(ঙ) যে সকল আধুনিক দোতলা লঞ্চের আপার ক্লাসের এসি কেবিনে সোফা রয়েছে (যা সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক স্বীকৃত) এর প্রতি সোফার ক্ষেত্রে	তৃতীয় শ্রেণির/ ডেক শ্রেণির ভাড়ার ২.২৫গুণ।

অঃ পৃঃ দ্রঃ

(০৩)	**প্রথম শ্রেণিঃ**	
	(ক) যে সকল আধুনিক দোতলা লঞ্চের কক্ষে ঘুমাবার এবং অন্যান্য আধুনিক সুযোগ সুবিধা রয়েছে (যা সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক স্বীকৃত) এর প্রতি শয্যার (নন এসি) ক্ষেত্রে।	তৃতীয় শ্রেণির/ ডেক শ্রেণির ভাড়ার ৪.০০গুণ।
	(খ) যে সকল আধুনিক দোতলা লঞ্চের কক্ষে ঘুমাবার এবং অন্যান্য আধুনিক সুযোগ সুবিধা রয়েছে (যা সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক স্বীকৃত) এর প্রতি শয্যার (এসি) ক্ষেত্রে।	তৃতীয় শ্রেণির/ ডেক শ্রেণির ভাড়ার ৪.১৫গুণ।
	(গ) যে সকল আধুনিক দোতলা লঞ্চে পরিবারসহ ঘুমাবার এবং শৌচাগার ও অন্যান্য সুযোগ সুবিধা রয়েছে (যা সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক স্বীকৃত) এর প্রতি কক্ষের (অর্থাৎ প্রতি ফ্যামিলি কেবিন) (নন এসি) ক্ষেত্রে।	তৃতীয় শ্রেণির/ ডেক শ্রেণির দুইজন যাত্রী ভাড়ার ৫.৫০গুণ।
	(ঘ) যে সকল আধুনিক দোতলা লঞ্চের পরিবারসহ ঘুমাবার এবং শৌচাগার ও অন্যান্য সুযোগ সুবিধা রয়েছে (যা সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক স্বীকৃত) এর প্রতি কক্ষের (অর্থাৎ প্রতি ফ্যামিলি কেবিন) (এসি) ক্ষেত্রে।	তৃতীয় শ্রেণির/ ডেক শ্রেণির দুইজন যাত্রী ভাড়ার ৬.০০গুণ।
	(ঙ) যে সকল আধুনিক দোতলা লঞ্চে সুসজ্জিত কক্ষ এবং কক্ষে এসি, এটাচড বাথরুম, ব্যালকনি ও কফিডোরসহ অন্যান্য সুযোগ সুবিধা রয়েছে এতে ন্যূনতম ২জন যাত্রী থাকার/ ঘুমাবার ব্যবস্থা রয়েছে এরূপ প্রতি কক্ষের (অর্থাৎ ডিআইপি কেবিন) ক্ষেত্রে।	তৃতীয় শ্রেণির/ডেক শ্রেণির দুইজন যাত্রী ভাড়ার ৭.৫০গুণ।

বিঃদ্রঃ

(১) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক ১ সেপ্টেম্বর, ২০২২ তারিখে প্রকাশিত গেজেট অনুসারে যাত্রীবাহী নৌযানের উক্ত যাত্রীভাড়া পুনঃনির্ধারণ করা হলো।

(২) এই ভাড়াসূচি জারির ফলে সংশ্লিষ্ট নৌপথের পূর্বের সকল ভাড়া সূচি বাতিল বলে গণ্য হবে।

(৩) ভাড়া সূচির সাথে সরকারী কর ও শুল্ক প্রযোজ্য সাপেক্ষে কার্যকর হবে।

(৪) ভাড়াসূচিতে দেখানো মূলত্ব পরিবর্তন যোগ্য।

(৫) সকল যাত্রী সাধারণের সেবার সুবিধার্থে এই ভাড়া সূচি নৌযানের দৃশ্যমান স্থানে টাঙ্গিয়ে রাখতে হবে।

(৬) প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন, ২০১৩ এর ৭(ঘ) ধারা অনুযায়ী পরিচয়পত্র বহনকারী প্রতিবন্ধী ব্যক্তি ও তাঁর একজন সহযোগি/সহায়তাকারীর জন্য শুধুমাত্র ডেক/তৃতীয় শ্রেণির ভাড়ার ক্ষেত্রে মোট ভাড়ার ৫০% রেয়াতী হারে ভাড়া নির্ধারিত হবে।

(৭) এই ভাড়া সকলের জন্য প্রযোজ্য।